গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
সাধারণ শাখা
www.magura.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৫০০.০০৬.০১৬.০০৩.১৮- ৫৩২

তারিখ: ২১ জুন ২০১৮ খ্রি:

অনুলিপি অবগতি ও বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে নির্দেশক্রমে প্রেরণ করা হইল।

সংযুক্ত: পাতা।

(মোঃ ইসাহাক আলী)
সহকারী কমিশনার
সাধারণ শাখা, মাগুরা।

১। উপজেলা নির্বাহি অফিসার
মাগুরা সদর/শ্রীপুর/শালিখা/মহম্মদপুর, মাগুরা।

২। সভাপতি, মাগুরা শিল্প ও বণিক সমিতি, মাগুরা।

D:Sociol Welfair.12.doc.

জেলা প্রশাসকের কার্যালয়
মাগুরা।
10 JUN 2018
প্রাপ্তি নং C05864

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.npo.gov.bd

জেলা প্রশাসকের কার্যালয়
মাগুরা

নং-৩৬.১০.০০০০.০১৬.২৩.০১৪.১৮-৩৮৭ তারিখ : ৩১/০৫/২০১৮

**বিষয় : "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭" এর বিজ্ঞপ্তি প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রনালয় প্রতি বছরের ন্যায় এ বছরেও "প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি পারফরমেন্স" এর ভিত্তিতে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭'' প্রদান করার লক্ষ্যে গত ২৩ এপ্রিল, ২০১৮ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এনপিও'র ওয়েবসাইট www.npo.gov.bd সহ গত ৩০-০৪-২০১৮ তারিখের "দৈনিক কালের কণ্ঠ", "দৈনিক আমাদের সময়", "দৈনিক সমকাল", ০১-০৫-২০১৮ তারিখ "দৈনিক যুগান্তর", ও ০৩-০৫-২০১৮ তারিখের "দৈনিক ভোরের কাগজ", "The Daily Observer" পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশিত হয়েছে। আবেদনপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ১৯ জুলাই, ২০১৮। বাংলাদেশে চালু শিল্প/সেবা প্রতিষ্ঠানের ৬(ছয়)টি ক্যাটাগরিতে মোট ১৮টি শিল্প/সেবা প্রতিষ্ঠানকে এওয়ার্ডটি প্রদান করা হবে। এওয়ার্ডের জন্য নির্ধারিত আবেদন ফরম এনপিও কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্য ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে সংগ্রহ করতে হবে।

০২। মাগুরা জেলায় অবস্থিত আগ্রহী শিল্প/সেবা প্রতিষ্ঠানসমূহকে যথাসময়ে অবহিতকরণ ও এওয়ার্ড প্রাপ্তির লক্ষ্যে আবেদন করার জন্য বিজ্ঞপ্তির একটি কপি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও অবগতির জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হল।

(এস. এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)
ফোন : ৯৫৬২৮৮৩

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়
মাগুরা।

Sending notice to other Chamber

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০১৬.২৩.০১৪.১৮/৩২২ তারিখ : ২৩/০৪/২০১৮

# বিজ্ঞপ্তি

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রনালয় কর্তৃক নিম্নবর্ণিতভাবে ৬ (ছয়) টি ক্যাটাগরিতে বাংলাদেশে চালু শিল্প/সেবা প্রতিষ্ঠানের **"প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি পারফরমেন্স"** এর ভিত্তিতে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭'' প্রদান করা হবে । এ এওয়ার্ড গ্রহণে আগ্রহী শিল্প/সেবা প্রতিষ্ঠানের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে ।

| ক্রমিক নং | ক্যাটাগরি | শিল্পের ধরণ | আবেদনপত্রের মূল্য |
|---|---|---|---|
| ১ | ক্যাটাগরি-এ | বৃহৎ শিল্প | ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা |
| ২ | ক্যাটাগরি-বি | মাঝারী শিল্প | ৩,০০০.০০ (তিন হাজার) টাকা |
| ৩ | ক্যাটাগরি-সি | ক্ষুদ্র শিল্প | ২,০০০.০০ (দুই হাজার) টাকা |
| ৪ | ক্যাটাগরি-ডি | মাইক্রো শিল্প | ১,০০০.০০ (এক হাজার) টাকা |
| ৫ | ক্যাটাগরি-ই | কুটির শিল্প | ১,০০০.০০ (এক হাজার) টাকা |
| ৬ | ক্যাটাগরি-এফ | রাষ্ট্রায়াত্ত শিল্প প্রতিষ্ঠান | ৪,০০০.০০ (চার হাজার) টাকা |

**আবেদনের শর্তাবলী :**

(১) ক্যাটাগরি-ভিত্তিক শিল্পের সংজ্ঞা জাতীয় শিল্পনীতি-২০১৬ এর অধ্যায় ৩এ বর্ণিত (শিল্প ও শিল্প প্রতিষ্টানের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস) শিল্প মন্ত্রনালয়ের ওয়েব সাইট (www.moind.gov.bd) ও ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ওয়েব সাইটে (www.npo.gov.bd) দেখা যাবে।

(২) সকল সরকারি/বেসরকারি/বহুজাতিক/রেজিষ্টার্ড (বাংলাদেশে ব্যবসায়ে নিয়োজিত) শিল্প/সেবা প্রতিষ্ঠান আবেদন করতে পারবে ।

(৩) কমপক্ষে ৩ (তিন) বছর উৎপাদন/সেবা কার্যক্রম চালু রয়েছে এ রকম শিল্প/সেবা প্রতিষ্ঠান আবেদন করতে পারবে ।

(৪) যে সকল প্রতিষ্ঠান "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৫ ও ২০১৬ এর মধ্যে যে কোন একটি এওয়ার্ড প্রাপ্ত হয়েছেন সে সকল প্রতিষ্ঠান "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭" এর জন্য বিবেচিত হবে না ।

(৫) শিল্প/সেবা প্রতিষ্ঠানের মালিক/মনোনীত প্রতিনিধিগণ ক্যাটাগরি ভিত্তিক এনপিও'র নির্ধারিত ফরমে আবেদন করতে হবে ।

(৬) আবেদন ফরমের মূল্য বাবদ সংশ্লিষ্ট ফি সরকারী খাতে (১-৩৯৩৭-০০০০-২৬৮১) ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানপূর্বক ট্রেজারী চালানের মূল কপি দপ্তরে জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন ।

(৭) আবেদনপত্র আগামী ১৯ জুলাই, ২০১৮ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) এনপিও কার্যালয়ে পৌঁছাতে হবে ।

(৮) ঋণ খেলাপী, কর বকেয়া, ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত এবং বৈদেশিক কোন ক্রেতার সাথে শিল্প বিরোধে জড়িত প্রতিষ্ঠানের আবেদন করার প্রয়োজন নাই ।

(৯) "সেবা প্রতিষ্ঠান" বলতে জাতীয় শিল্পনীতি-২০১৬ অনুযায়ী ঘোষিত সেবা খাতভুক্ত প্রতিষ্ঠানকে বুঝাবে ।

(১০) এনপিও কর্তৃক আবেদন ফরম পূরণ সংক্রান্ত একটি ওরিয়েন্টেশন জুন, ২০১৮ মাসের প্রথম সপ্তাহে আয়োজন করা হবে। ওরিয়েন্টশনের সময়, তারিখ ও স্থান আবেদন ফরম সংগ্রহকারীদেরকে পত্র ও ইমেইল মারফত অবহিত করা হবে ।

(১১) অসম্পূর্ণ ও ভূল তথ্য সম্বলিত আবেদন পত্র সরাসরি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

(১২) বিস্তারিত তথ্যাদি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ওয়েব সাইটে (www.npo.gov.bd) পাওয়া যাবে।

২৬/০৪/১৮

(এস. এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)
ফোন : ৯৫৬২৮৮৩